গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৫৯.০০.০০০০.১৪০.১৯.২২০.২০১৭- ৫৭৭ তারিখ: ১৮/১০/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নম্বর-১৮৪২ তারিখ: ১৮/০৯/২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত চিকিৎসকের নামের পার্শ্বে উল্লিখিত তথ্যাদি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক	চিকিৎসকের নাম, পদবি ও কর্মস্থল	তথ্যাদি
১।	ডাঃ মোঃ শাহ সিকান্দার কোড-১৩১৫৪৮, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা	১ম পর্বে অনুমোদিত প্রেষণের বর্ধিত সময় টুকু বাতিল করে পরবর্তীতে ২য় পর্বের প্রেষণ প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।
২	ডাঃ মোঃ লুৎফর রহমান কোড-১২৯৭৫৮, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা	১ম পর্বে অনুমোদিত প্রেষণের বর্ধিত সময় টুকু বাতিল করে পরবর্তীতে ২য় পর্বের প্রেষণ প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।

১৮/১০/২০১৭

(খনি মোঃ নুরুল আমীন)
উপ-সচিব
ফোন-৯৫৪০৭৩০
E-mail address: sasme1@mohfw.gov.bd
kmna21@yahoo.co.uk

মহা-পরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

০১. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০২. ডাঃ মোঃ শাহ সিকান্দার কোড-১৩১৫৪৮, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৩. ডাঃ মোঃ লুৎফর রহমান কোড-১২৯৭৫৮, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.mohfw.gov.bd

বিষয়ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত আন্ডারগ্রাজুয়েট মেডিক্যাল কোর্সসমূহ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তকরণের বিষয়ে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ সিরাজুল ইসলাম
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
তারিখ : ১০/১০/২০১৭ খ্রিস্টাব্দ
সময় : বেলা ১২:৩০ টা
স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
(কক্ষ নং-৩৩৮, ভবন নং-০৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'-তে সন্নিবেশিত রয়েছে।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত আন্ডারগ্রাজুয়েট মেডিক্যাল কোর্সসমূহ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তকরণের বিষয়ে মতামত প্রদানের লক্ষে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ১০/০৯/২০১৭ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটির এটি প্রথম সভা। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরকে এ বিষয়ে তার বক্তব্য প্রদানের জন্য আহ্বান জানান।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বি এস এম এম ইউ) ভাইস চ্যান্সেলর জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮ সনের ১ নং আইনের ধারা ৬ 'বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা' এর উপধারা (ঢ) এ উল্লেখিত আছে যে, "দেশে মেডিক্যাল কলেজ বা ইনস্টিটিউট অধিভুক্তকরণ বা অধিভুক্ত বাতিলকরণ এবং দেশে ও বিদেশের যে কোন মেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতিদান"। ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়ের অধীনে আন্ডারগ্রাজুয়েট মেডিকেল কোর্সসমূহ অধিভুক্ত করার বিষয়টি নানা সীমাবদ্ধতার কারণে বিলম্বিত হয়। ইতোমধ্যে এই বিশ্ববিদ্যালয় দেশের চিকিৎসা জগতে সেন্টার অব এক্সিলেন্স হিসেবে খ্যাতি অর্জন করেছে। এখন এই বিশ্ববিদ্যালয় আইন ১৯৯৮ সালের (১ নং আইন) এর ৬ (ঢ) ধারা মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত আন্ডারগ্রাজুয়েট মেডিক্যাল কোর্সসমূহ এই বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তকরণের কার্যক্রম ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে শুরু করা প্রয়োজন। বি এস এম এম ইউ এর ভাইস চ্যান্সেলর জানান যে, এ বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো, শিক্ষক, হাসপাতাল, প্রশাসনিক, অন্যান্য সুবিধাদি বিদ্যমান রয়েছে। তাই, অধিভুক্তকরণ কার্যক্রম ত্বরান্বিত করতে কোন প্রকার সমস্যা হবে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ঢাকা, ময়মনসিংহ এবং বরিশাল বিভাগের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ,

ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল শিক্ষা সহযোগী প্রতিষ্ঠানসমূহকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলতি সাল থেকে অধিভুক্তকরণ বন্ধ করা প্রয়োজন। এরপর উক্ত প্রতিষ্ঠানসমূহ বি এস এম এম ইউ এর অধিভুক্ত হওয়ার জন্য আবেদন করবে। তবে চলমান কোর্সসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকবে এবং তাদের সনদপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় হতে দেয়া যেতে পারে।

যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) বলেন, যেহেতু মেডিকেল কলেজগুলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রয়েছে, কাজেই আগামী সেশন থেকে তাদের অধিভুক্তি বন্ধ রাখা কিংবা বাতিল করা এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত গ্রহণ কোন প্রক্রিয়ার মাধ্যমে করা যায় তা স্পষ্ট হওয়া দরকার। এ বিষয়ে ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় জানান, অধিভুক্তকরণের লক্ষে ইতোপূর্বে মন্ত্রণালয় থেকে একবার সরকারী নির্দেশনা জারী করা হয়েছিল। সীমাবদ্ধতার কারণে তা বাস্তবায়ন সম্ভব হয়নি। কাজেই বর্তমানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সকল মেডিকেল কলেজসমূহকে মন্ত্রণালয় থেকে নির্দেশনা জারী করলে কাজটি সহজ হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রতিনিধি সভাকে জানান যে, ঢাকা, ময়মনসিংহ এবং বরিশাল বিভাগের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল সহযোগী শিক্ষা প্রতিষ্ঠান এ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হওয়ার কার্যক্রম গ্রহণে শিক্ষা মন্ত্রণালয়ের কোন আপত্তি নাই।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধি সভাকে বলেন যে, অধিভূক্তি কার্যক্রমের বিষয়ে কোন প্রকার দ্বিমত করার সুযোগ নাই। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ এর ৬(ঢ) এর বর্ণনা অনুযায়ী অধিভূক্তিকরণের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। তবে স্নাতক কোর্সসমূহ অধিগ্রহণের বিষয়ে আইনের স্পষ্টতা দরকার। এ বিষয়ে উক্ত ধারাটির সামান্য সংশোধন প্রয়োজন।

সভাপতি বলেন, চিকিৎসা শিক্ষায় ইউনিফরমিটি আনয়ন করার লক্ষ্যে অধিভুক্তকরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

অত:পর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

০১। ঢাকা, ময়মনসিংহ এবং বরিশাল বিভাগের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল শিক্ষা সহায়ক প্রতিষ্ঠান বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হবে। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কাছে সার-সংক্ষেপ উপস্থাপন করা হবে। সদয় অনুমোদিত হলে সার-সংক্ষেপের সিদ্ধান্ত অনুযায়ী এ সংক্রান্ত নির্বাহী আদেশ জারি করা হবে।

০২। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ এর ৬(ঢ) ধারা প্রয়োজনীয় সংশোধন করতে হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এ সংক্রান্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

০৩। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল সহযোগী শিক্ষা প্রতিষ্ঠান বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করতে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় যথাসময়ে এ সংক্রান্ত প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সিরাজুল ইসলাম
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং: স্বাপকম/স্বাশিপক/চিশি-১/বিএসএমএমইউ-০১/২০০০- ৫৭৮ তারিখ: ১৮/১০/২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

২) চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।

৩) ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

৪) ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৫) অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৬) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৭) যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৮) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বি এম এ), তোপখানা রোড, ঢাকা।

৯) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বি এম এন্ড ডি সি), বিজয়নগর, ঢাকা।

১০) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১১) অফিস কপি।

১৮/১০/২০১৭

(খান মোঃ নূরুল আমীন)
উপ-সচিব
ফোন-৯৫৪০৭৩০

E:\BSMMU\10.10.2017 BSMMU Undergraduate.rtf